বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
E-mail: dgmewt@krishibank.org.bd .

মুজিব শতবর্ষ MUJIB 100
মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

## প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ

নংপ্রকা/ককপবি-৫০(৩)অংশ-১০/২০২১-২০২২/ ৩৬ তারিখ ঃ ২৫-০৭-২০২১ খ্রিঃ

১। মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয় ।
২। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
৩। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ।
৪। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ করোনাভাইরাস (Covid-19) এর প্রাদুর্ভাবের কারণে ব্যাংক এ কর্মরত আক্রান্ত কর্মকর্তা ও কর্মচারীগণের মৃত্যু ঘটলে ক্ষতিপূরণ প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ০৬ই বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ, ১৯ এপ্রিল ২০২১ তারিখে বিআরপিডি সার্কুলার লেটার নং-২৪ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে(কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত সার্কুলার লেটারের মাধ্যমে করোনাভাইরাস(Covid-19) এর প্রাদুর্ভাবের কারণে ব্যাংকে কর্মরত আক্রান্ত কর্মকর্তা-কর্মচারীগণের অনাকাঙ্খিত মৃত্যু ঘটলে এ বিষয়ে ব্যাংক কর্তৃক প্রচলিত নিয়ম অনুসরণ করে তার স্ত্রী/স্বামী/সন্তান এবং অবিবাহিতদের ক্ষেত্রে বাবা/মা-কে বিভিন্ন ধাপের পদ/গ্রেড ভিত্তিক ক্ষতিপূরণ প্রদানের সীমা নির্ধারণ করা হয়েছে।

০৩। এমতাবস্থায় বাংলাদেশ ব্যাংক এর বর্ণিত পত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে ব্যাংকে কর্মরত আক্রান্ত ও পরবর্তীতে মৃত কর্মকর্তা ও কর্মচারীগণের ক্ষতিপূরণ প্রদানের বিষয়ে অত্র বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত

Rashid ২৫.৭.২১
মোঃ মামুনুর রশিদ
উপ-মহাব্যবস্থাপক

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক

প্রকা/ককপবি-৫০(৩)অংশ-১০/২০২১-২০২২/ ৩৬(১২০০) তারিখ ঃ ২৫-০৭-২০২১ খ্রিঃ

সদয় অবগতি / প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার,ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর,বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়/স্টাফ কলেজ,ঢাকা।
০৪। সচিব /সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা। উক্ত পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি।

২৫.০৭.২০২১
মোঃ আমিরুল ইসলাম
সহকারী মহাব্যবস্থাপক

C:\Users\Administrator\Desktop\Medical.doc

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৪

তারিখঃ ০৬ বৈশাখ ১৪২৮
১৯ এপ্রিল ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**করোনাভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে ব্যাংক-এ কর্মরত আক্রান্ত কর্মকর্তা ও কর্মচারীগণের জন্য ক্ষতিপূরণ প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক হতে ১৫ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলার লেটার এর অনুবৃত্তিক্রমে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো ঃ-

করোনাভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে ব্যাংক কর্মকর্তা-কর্মচারীর অনাকাঙ্ক্ষিত মৃত্যু ঘটলে ক্ষতিপূরণ হিসেবে নিম্নরূপে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক প্রচলিত নিয়ম অনুসরণ করে তাঁর স্ত্রী/স্বামী/সন্তান এবং অবিবাহিতদের ক্ষেত্রে বাবা/মা-কে প্রদেয় হবেঃ-

| ধাপ | পদ/গ্রেড | করোনা আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করলে |
|---|---|---|
| ধাপ-১ | প্রথম শ্রেণীর কর্মকর্তা/ সিনিয়র অফিসার/ প্রবেশনারী অফিসার/ ম্যানেজমেন্ট ট্রেইনি অফিসার/ সমমান হতে তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তাগণ | ৫০.০০ লক্ষ টাকা |
| ধাপ-২ | ট্রেইনি এসিস্ট্যান্ট অফিসার/ সমমান হতে ধাপ-১ এর পূর্ব পর্যন্ত পদমর্যাদার কর্মকর্তাগণ | ৩৭.৫০ লক্ষ টাকা |
| ধাপ-৩ | স্টাফ ও সাব-স্টাফ (যেকোন প্রক্রিয়ায় নিয়োগকৃত/ নিয়োজিত) | ২৫.০০ লক্ষ টাকা |

৩। ক্রমিক ২ এ বর্ণিত সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর ক্ষেত্রে ব্যাংকে তার অন্য কোন দায়-দেনার সাথে উক্ত ক্ষতিপূরণের অর্থ সমন্বয় করা যাবে না। এ ক্ষতিপূরণ বর্তমানে প্রচলিত অন্য যে কোন প্রজ্ঞাপন/আদেশ/নীতিমালায় বর্ণিত কর্মকালীন মৃত্যুবরণের ক্ষেত্রে প্রযোজ্য আর্থিক সহায়তা/অনুদানের অতিরিক্ত হিসেবে প্রদেয় হবে।

৪। এ সার্কুলার লেটারের নির্দেশনা সরকার ঘোষিত সাধারণ ছুটির তারিখ হতে অর্থাৎ ২৯ মার্চ ২০২০ তারিখ হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

৫। এতদ্বিষয়ে, বাংলাদেশ ব্যাংক হতে ১৫ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮ এর ৩(গ) এবং ৪ ক্রমিকে বর্ণিত নির্দেশনার কার্যকারিতা রহিত করা হলো।

৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নজরুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২